গ্রাহকের ধরণঃ আইআইজি

সার্ভিসের নামঃ **IP Transit (LLI)**

সংযোগের সাধারণ নিয়মাবলী ঃ

১.১ ক) সংযোগ ফি প্রতি সংযোগের জন্য ৫,০০০/- টাকা।

খ) সংযোগের জন্য ন্যূনতম এক মাসের সাধারণ ভাড়া/চার্জ অগ্রীম প্রদান করতে হবে।

গ) নুতন সংযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকগণ একমাসের সাধারণ ভাড়া/চার্জের সমপরিমান অর্থ জামানত হিসেবে প্রদান করবেন, যা সংযোগ বিচ্ছিন্নের সময় সমন্বয় করা হবে।

ঘ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানত প্রদানের নিয়ম প্রয়োজন হবে না।

ঙ) যোগাযোগ ও সার্ভিস প্রদানঃ উপ-মহাব্যবস্থাপক(ব্রড ব্যান্ড-১), মগবাজার টেলিফোন ভবন, মগবাজার, ঢাকা।

১.২ Downgrade/Permanent close charge: প্রযোজ্য নহে (Downgrade/Permanent close কৃত ব্যান্ডউইড্থ এর পরিমাণ ১০ Gbps এর কম হলে এক মাস পুর্বে এবং ১০ Gbps বা এর বেশী হলে ২ মাস পূর্বে লিখিত জানাতে হবে অন্যথায় পূর্ণ বিল প্রদান করবে) তবে বিটিসিএল এর নেটওয়ার্ক সমস্যার কারণে গ্রাহক Downgrade করলে কোন চার্জ প্রযোজ্য হবেনা এবং যেকোন সময়ই কার্যকর হবে।

১.৩ ক) Upgradation charge: প্রযোজ্য নহে (ব্যান্ডউইড্থ খালি থাকা সাপেক্ষে)।

খ) Instant Upgradation charge: চার্জ প্রযোজ্য নহে। ব্যান্ডউইড্থ খালি থাকার সাপেক্ষে এই সুবিধা প্রদান করা হবে। মেয়াদ ন্যূনতম ১ দিন হবে। গ্রাহককে Instant Upgradation সুবিধা নেয়ার জন্য আলাদা ডিপোজিট রাখতে হবে এবং Instant Upgradation কৃত ব্যান্ডউইডথ এবং সময়, ডিপোজিটের পরিমাণের উপর নির্ধারিত হবে।

চার্জঃ গ্রাহকের সংযোগকৃত ব্যান্ডউইড্থ স্বাভাবিক চার্জের ১০% বেশী। তবে উক্ত সময় ১৫(পনের) দিনের বেশী হলে স্বাভাবিক হারে দিনের গুনিতক হিসাবে চার্জ প্রযোজ্য হবে।

১.৪ শিফটিং চার্জঃ

ক) ২,০০০/- টাকা প্রতি সংযোগ(লোকাল লুপ শিফটিং অর্ন্তভুক্ত নহে)।

খ) ১০০০/- (ব্যান্ডউড্থ) প্রতি ঘটনায়।

গ) ৫০০০/- (লোকাল লুপ শিফটিং ঠিকানাসহ)।

১.৫ মালিকানা/নাম পরিবর্তনের ক্ষেত্রে প্রতি সংযোগের জন্য সর্বনিম্ন ২০০০/- তবে অধিক সংযোগের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০,০০০/- প্রদান করতে হবে। তবে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সরকারী প্রয়োজনে নাম পরিবর্তনের জন্য এ নিয়ম প্রয়োজন হবে না।

১.৬ গ্রাহক প্রান্তের যন্ত্রপাতি (মিডিয়া কনভার্টার, এসএফপি মডিউল, প্যাচকর্ড, রাউটার/সুইচ, LAN ক্যাবল ইত্যাদি) গ্রাহক নিজে সরবরাহ করবেন। লোকাল লুপ বা লাষ্ট মাইল সলুশন (বিটিসিএল PoP হতে গ্রাহক প্রান্ত পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল) গ্রাহক নিজেও সরবরাহ করতে পারেন বা নির্ধারিত ভাড়া প্রদান সাপেক্ষে বিটিসিএল এর নিজস্ব ফাইবার ব্যবহার করতে পারবেন।

১.৭ ব্যাকআপ পোর্ট ঃ গ্রাহকগণ যে কোন PoP এর একটি পোর্ট হতে সংযোগ গ্রহন করতে পারবেন। তবে একটি পোর্ট হতে ১ Gbps এর বেশী ব্যান্ডউইড্থ ব্যবহারকারী গ্রাহকগণ পোর্ট চার্জ ব্যতিত একটি অতিরিক্ত ব্যাকআপ পোর্ট প্রাপ্য হবেন। এর অতিরিক্ত পোর্ট গ্রহণ করতে চাইলে প্রাপ্তি সাপেক্ষে পোর্ট প্রতি ৫,০০০/- টাকা পোর্ট চার্জ প্রদান করতে হবে।

১.৮ স্বল্পকালীন সংযোগ: স্বল্পকালীন সংযোগের ক্ষেত্রে নূন্যতম ১ মাসের বিল প্রদান করতে হবে। তবে ১ Gbps এর চেয়ে বেশী ব্যান্ডউইড্থ গ্রহণকারী গ্রাহক অথবা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এর ক্ষেত্রে নূন্যতম ১৫ দিন অথবা সংযোগকালীন সময়ের বিল প্রদান করতে হবে।

১.৯ নূন্যতম ২ বছর মেয়াদী ব্যবহারের চুক্তিবদ্ধ গ্রাহকগণ, নিম্নে প্রদর্শিত ছকানুসারে বিশেষ হারে চার্জ প্রদানের সুবিধা পাবেন (ইতোপূর্বে যে সকল গ্রাহকগণ ৫ বছর মেয়াদী চুক্তিতে আবদ্ধ ছিলেন তারা নতুন ট্যারিফের আওতায় ২ বছর মেয়াদী চুক্তিতে আবদ্ধ হয়েছেন বলে বিবেচিত হবেন)। এরূপ সুবিধা ভোগকারী কোন গ্রাহক যদি মেয়াদ শেষ হওয়ার পূর্বেই সংযোগ বিচ্ছিন্ন করতে আগ্রহ প্রকাশ করেন, তবে ২(দুই) মাস পূর্বে বিটিসিএলকে অবহিত করবেন এবং চুক্তিবদ্ধের তারিখ হতে স্বাভাবিক হারের চার্জ হিসেব করে বকেয়া পরিশোধ করবেন।

১.১০ একই নামে একাধিক সংযোগ থাকলে সকল সংযোগের ব্যান্ডউইড্থ সমন্বয়ে একক ব্যান্ডউড্থ হিসেবে গণ্য করে বিল জারী হবে।

১.১১ উচ্চহারে ব্যান্ডউইড্থ গ্রহণকারী গ্রাহকগণের জন্য বিশেষ সুযোগঃ

ক) কোন গ্রাহক যদি ৫ জিবিপিএস এর বা এর অধিক ব্যান্ডউইড্থ গ্রহণ করেন তবে উক্ত গ্রাহক বাংলাদেশের যে সব স্থানে বিটিসিএল-এর PoP আছে সে সব স্থান হতে অতিরিক্ত পোর্ট চার্জ ব্যতিত সর্বোচ্চ ৫ টি পোর্ট পর্যন্ত হতে ব্যান্ডউইড্থ গ্রহণ করতে পারবেন। এর অধিক পোর্ট গ্রহণ করতে চাইলে বিটিসিএল-এর পোর্ট খালি থাকা সাপেক্ষে পোর্ট প্রতি ৫,০০০/- টাকা এককালীন পোর্ট চার্জ প্রদান করতে হবে।

খ) ৫ জিবিপিএস এর বা এর অধিক ব্যন্ডউইড্থ ব্যবহারকারী গ্রাহকগণ বিটিসিএল এর ফাইবার থাকলে সর্বোচ্চ ২(দুই) কোর লোকাল লুপ ভাড়া প্রদান ব্যতিরেকে ব্যবহার করতে পারবেন। তবে যে সমস্ত গ্রাহক ট্যারিফ-২০১৫ অনুসারে লোকাল লুপ হিসেবে ফাইবার কোর মাসিক ভাড়া ব্যতিরেকে ব্যবহার করে আসছেন তাদের পূর্বের নিয়ম বহাল থাকবে।

১.১৩. বৃহত্তর ঢাকা ব্যতিত সারা দেশ এক রেট হবে। বৃহত্তর ঢাকায় ব্যবহৃত সর্বমোট ব্যন্ডউইড্থ এর নির্ধারিত চার্জের উপর ১০% অতিরিক্ত ডিসকাউন্ট পাবেন। বৃহত্তর ঢাকা/ঢাকা বলতে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলার আওতাভুক্ত এলাকা বুঝাবে।

এই ক্যাটাগরীর গ্রাহকগণের জন্য নিম্নরূপ মাসিক চার্জ নির্ধারিত হবেঃ

ক্রঃ নং	ব্যান্ডউইড্থ Mbps	Mbps প্রতি চার্জ (টাকা)	নূন্যতম ২ বছর মেয়াদী চুক্তিতে Mbps প্রতি চার্জ (টাকা)
১	৫০০-৯৯৯	৩৫০	৩৩৫
২	১০০০-২৯৯৯	৩৪০	৩২৫
৩	৩০০০-৪৯৯৯	৩৩০	৩১৫
৪	৫০০০-৯৯৯৯	৩২৫	৩১০
৫	১০০০০-১৯৯৯৯	৩২০	৩০৫
৬	২০০০০-২৯৯৯৯	৩১৫	৩০০
৭	৩০০০০-৩৯৯৯৯	৩১০	২৯৫
৮	৪০০০০-৪৯৯৯৯	৩০৫	২৯০
৯	৫০০০০+	৩০০	২৮৫

২.বিটিসিএল-এর অপটিক্যাল লোকাল লুপ (OFC Local Loop) এর ভাড়াঃ

এককালীন সংযোগ মূল্য - সংযোগ প্রতি ৫,০০০/- টাকা এবং প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া প্রথম ৫০০ মিটার পর্যন্ত সর্বনিম্ন ১,০০০/ টাকা এবং পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৫০ টাকা হবে। পার্বত্য তিন জেলার জন্য পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৯৫ টাকা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠান ক্যাটাগরির গ্রাহকগণ যদি অধিক দুরত্বের অপটিক্যাল লোকাল লুপ হিসেবে ব্যবহার করেন তাহাদের প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া সর্বোচ্চ ১৫০০০/- টাকা প্রদান করবেন।

সকল সংযোগের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট বা অন্যান্য চার্জ প্রযোজ্য হবে